# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) উমরাংশুর তিন কিলো কয়লাখনিতে সংঘটিত দূর্ঘটনা সম্পর্কে রাজ্য সরকারের তদন্ত কমিশন গঠনের সিদ্ধান্ত ।

(২) কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অনুমোদন ।

(৩) প্রাক্তন সেনা প্রধান বিজয় কুমার সিংয়ের আজ মিজোরামের ২৫তম রাজ্যপাল হিসেবে শপথগ্রহন

এবং

(৪) আসাম মহিলা ক্রিকেট দলের বি সি সি আইয়ের ২৩ বছর অনূর্ধ্ব টি-টুয়েন্টি ক্রিকেট প্রতিযোগীতার কোয়ার্টার ফাইনালে প্রবেশ ।

-----------------------------------------------------------------------------------

রাজ্য সরকার উমরাংশুর তিন কিলো কয়লা খনিতে সংঘটিত দূর্ঘটনার বিষয়ে তদন্ত করার জন্য গুয়াহাটী হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি অনিমা হাজারিকার নেতৃত্বে

একটি বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করবে ।আজ মরিগাঁওয়ে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রী সভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা একথা জানান । মুখ্যমন্ত্রী বলেন যে কয়লাখনি দূর্ঘটনায় নিহত চারজন শ্রমিকের নিকটআত্মীয়কে ১০ লক্ষ টাকা করে এককালীন সাহায্য প্রদান করা হবে ।সন্ধানহীন অন্য ৫ জন শ্রমিকের পরিবারকেও ১০ লক্ষ টাকার ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।তিনি বলেন যে রাজ্যে রেট হোল খনন সম্পর্কে সম্পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করার জন্য নির্দেশ জারি করা হবে । এদিকে রাজ্য মন্ত্রীসভার বৈঠকে আজ মরিগাঁও জেলার উন্নয়নের জন্য ২৯২ কোটি টাকার প্রকল্পে অনুমোদন জানানো হয় ।জোনবিল মেলা প্রাঙ্গনে মঞ্চ নির্মাণের জন্য ৫ কোটি টাকা , মরিগাঁওয়ের নতুন আবর্তভবন নির্মাণের জন্য ১৫ কোটি টাকা , তিওয়া সাহিত্যসভা ববন নির্মাণের জন্য ১ কোটি টাকা প্রদান করার বিষয়ে বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।বৈঠকে জেলার শতবর্ষ অতিক্রম করা ৯ টি বিদ্যালয়ের উন্নয়নের জন্য ৮ কোটি টাকা করে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।বৈঠকে মুখ্যমন্ত্রীর মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ২ হাজার কোটি টাকার প্রকল্পে অনুমোদন জানানো হয় ।এই প্রকল্পের অধীনে মহিলাদেরকে তিনটি পর্যায়ে ঋণ এবং ভর্তুকী প্রদান করা হবে ।মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর প্রকল্পের অধীনে ৭৫ হাজার যুবক যুবতিকে ভর্তুকীযুক্ত ঋণ প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।বৈঠকে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলো সঠিকভাবে কার্যকর করার জন্য অঙ্গনওয়াড়ি কেন্দ্র ব্যবস্থাপনা সমিতি গঠন করার নির্দেশে অনুমোদন জানানো হয় ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের কর্মচারী এবং পেনশনার্সদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অনুমোদন জানিয়েছেন ।কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকের পর একথা জানান ।মন্ত্রী বলেন যে বৈঠকে আজ এই বিষয়ে কোন আনুষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি তবে প্রধানমন্ত্রী কর্মচারী সংগঠন সমুহের অনুরোধে অষ্টম বেতন কমিশন গঠনে সম্মতি প্রদান করেছেন ।উল্লেখ্য সপ্তম বেতন কমিশনের কার্যকাল আগামী বছর সমাপ্ত হবে ।শীঘ্র এই কমিশনের অধ্যক্ষ এবং দুজন সদস্যকে নিযুক্তি দেওয়া হবে বলেও শ্রী বৈষ্ণ জানান ।

-----------------------------------------------------------------------------------

সমগ্র দেশে মহিলা সম্মান সঞ্চয় প্রমানপত্র ২০২৩ এর অধীনে ১১ হাজার কোটিরও অধিক টাকার ১৮ লক্ষেরও অধিক একাউন্ট খোলা হয়েছে । কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রণালয় বলেছে যে মহিলা সম্মান  সঞ্চয় প্রমাণপত্রের নতুন প্রকল্পটি চলতি বছরের

পয়লা এপ্রিল আরম্ভ করা হয়েছিলো । দুবছরের এই প্রকল্পে তিন মাস পর পর ৭ দশমিক ৫ শতাংশ হারে সুদ প্রদান করা হয় । এই প্রকল্পটি ২০২৫ বর্ষের ৩১ শে মার্চ পর্যন্ত থাকবে । মন্ত্রণালয় আরো বলেছে যে দিল্লীতে ৪০৫ কোটি টাকা মূল্যের ৩৩ হাজারেরও অধিক একাউন্ট খোলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

জাগীরোডের জোনবিলের পারে আজ থেকে তিনদিনব্যাপী বর্ণাঢ্য কার্যসূচীর মাধ্যমে গোভা দেওরাজার পরম্পরাগত জোনবিল মেলা আরম্ভ হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ জোনবিল মেলায় মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে মধ্য আসামের ২২ জন তিওয়া রাজাকে রাজভাতা প্রদান করেন ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী 'তিওয়া রাজার বুরঞ্জী' শীর্ষক একটি গ্রন্থ উন্মোচন করেন ।অনুষ্ঠানে বেশ কয়েকজন মন্ত্রী বিধায়ক , তিওয়া স্বশাসিত পরিষদের সদস্য , গোভা দেওরাজা প্রমুখ উপস্থিত ছিলেন ।মেলার আজ প্রথম দিনে পার্শ্ববর্তী মেঘালয়ের পার্বত্য জনজাতীরা তাদের কৃষিজাত সামগ্রী পরম্পরাগত প্রথার মাধ্যমে সমতলে উৎপাদিত সামগ্রীর সঙ্গে বিনিময় করে ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকার প্রায় তিন হাজার কোটি  টাকা ব্যয় সাপেক্ষে আসামমালা প্রকল্পের অধীনে নতুন এক হাজার কিলোমিটার দৈর্ঘ্যের হাইস্পীড ইকোনমিক করিডোরে অনুমোদন জানিয়েছে । গৌহাটীতে গতকাল অনুষ্ঠিত কেবিনেট বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । সেইসঙ্গে মন্ত্রীসভা গ্রামাঞ্চলের ৯০ টি সড়ক এবং ৪ টি সেতুর উন্নয়নের জন্য নাবার্ড থেকে ৯৫০ কোটি ৪৩ লক্ষ টাকা ঋণ সংগ্রহের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ ২০২৪-২৫ বর্ষের জন্য আগামীকাল থেকে ২১ জানুয়ারী পর্যন্ত পুনরায় অনলাইন পঞ্জীয়ন পোর্টেল চালু করবে । এ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য পর্ষদ সংশ্লিষ্ট সকলকে পর্ষদের ওয়েবসাইট দেখার আহ্বান জানিয়েছে । নির্দেশে পর্ষদ স্পষ্ট করে দিয়েছে যে পরবর্তী পর্যায়ে পঞ্জীয়নের জন্য কোনো ধরণের সময় বৃদ্ধি করা হবে না । অফলাইনের  মাধ্যমেও কোনোধরণের পঞ্জীয়ন পত্র গ্রহণ করা হবে না বলে পর্ষদ জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রাক্তন সেনা প্রধান বিজয় কুমার সিং আজ মিজোরামের ২৫তম রাজ্যপাল হিসেবে শপথগ্রহন করেছেন । আইজলের রাজভবনের সার্কুলার লনে গৌহাটী হাইকোর্টের  মূখ্য বিচারপতি বিজয় বিষ্ণোই জেনারেল সিংকে শপথ বাক্য পাঠ করান ।মূখ্যমন্ত্রী লালডুহোমা

এবং আগের  দুজন মূখ্যমন্ত্রী লাল থানহাওলা ও জোরামথাঙ্গা শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । ১৯৫১ সালের ১০ মে জন্মগ্রহন করা জেনারেল বিজয় কুমার সিং বিড়লা পাবলিক স্কুল পিলানী এবং ন্যাশনেল ডিফেন্স একাডেমীর একজন প্রাক্তন ছাত্র । তিনি ভারতীয় সেনাবাহিনীর ২৬তম সেনা প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন । জেনারেল সিং ২০১৪ সালের পয়লা মার্চ ভারতীয় জনতা পার্টীতে যোগদান করেন এবং গাজিয়াবাদ সংসদীয় আসনে লোকসভা  নির্বাচনে সফলভাবে প্রতিদ্বন্দিতা করেন । তিনি প্রতিমন্ত্রী হিসেবে মন্ত্রী পরিষদে অর্ন্তভুক্ত হন এবং  বৈদেশিক পরিক্রমা ,ডোনার ইত্যাদি বিভিন্ন পোর্টফোলিওতে কাজ করেছেন ।

--------------------------------------------------------------------------------

আসাম মহিলা ক্রিকেট দল বি সি সি আইয়ের ২৩ বছর অনূর্ধ্ব টি-টুয়েন্টি ক্রিকেট প্রতিযোগীতার কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে । তিরুবনন্তপুরুমে আজ অনুষ্ঠিত নকআউট পর্যায়ের খেলায় আসাম বিদর্ভকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে স্থান নিশ্চিত করেছে । তিরুবনন্তপুরমে আগামী শনিবার অনুষ্ঠেয় কোয়ার্টার ফাইনালে আসাম দল কেরালা দলের মুখোমুখি হবে ।

--------------------------------------------------------------------------------

বিদ্যালয়গুলোর গুণগত মান উন্নয়নের জন্য আয়োজিত গুণোৎসব ২০২৫ ’র দ্বিতীয় পর্যায়ে আগামীকাল   হাইলাকান্দি জেলায়  গুণোৎসব শুরু হচ্ছে । গুনোৎসবে জেলার এক হাজার দুশ ৪৩টি বিদ্যালয়ের এক লক্ষেরও বেশী      ছাত্র-ছাত্রীর শিক্ষার গুণগত মান যাচাই করা হবে ।  আগামীকাল স্ব-মূল্যায়ন প্রক্রিয়া এবং আগামী ২০ থেকে ২২শে জানুয়ারী পর্য্যন্ত বর্হি  মূল্যায়ন করা হবে । এদিকে গুনোৎসব-২০২৫ সর্ম্পকে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় জানান যে ২০১৭ সালে গুনোৎসবের সূচনা হয় এবং এরপর থেকে হাইলাকান্দি জেলা র‍্যাঙ্কিং-এর ক্ষেত্রে উল্লেখ্যযোগ্য উন্নতি করেছে । এবছর গুনোৎসব সুষ্টভাবে সম্পন্ন করার জন্য জেলার শিক্ষা বিভাগ সম্পূর্ণ প্রস্তুত বলে অতিরিক্ত আয়ুক্ত শ্রীরায় জানান ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের ভূমি সংরক্ষন , হস্ত তাঁত , রেশম শিল্প বিভাগের মন্ত্রী উর্খাও গৌড়া ব্রহ্ম আগামীকাল শ্রীভূমি জেলা সফরে আসছেন । মন্ত্রী শ্রী ব্রহ্ম আগামীকাল দুপুরে শ্রীভূমি শহরে পৌছে বিকেল চারটায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করবেন । মন্ত্রী আগামীকাল শ্রীভূমিতে রাত্রি যাপন করে আগামী শনিবার দিশপুর ফিরে যাবেন ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে আজ জেলার শরিফ নগরের একটি ইট ভাট্টায় ১৫৬ কোটী টাকারও অধিক মূল্যের নেশা জাতীয় সামগ্রী আগুন লাগিয়ে নষ্ট করা হয়েছে । জেলার বিভিন্ন স্থান থেকে অবৈধ এই নেশাজাতীয় সামগ্রীগুলি বাজেয়াপ্ত করা হয় । আজ নষ্ট করা নেশা জাতীয় সামগ্রীর মধ্যে হেরোইন ১৪ হাজার তিনশ ৭ কিলোগ্রাম , ইয়াবা ট্যাবলেট ১৫ লক্ষ নয়শ ১০টি , গাঁজা ৬ হাজার ১ শ ৫৫ কিলোগ্রাম ,কফ সিরাফ দু লক্ষ ৮৩ হাজার দুশ ২৬ বোতল রয়েছে । উল্লেখ্য শ্রীভূমি জেলায় গত বছর রাজ্যের মধ্যে সব থেকে বেশী নেশা জাতীয় কফ শিরাফ বাজেয়াপ্ত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর তারাপুরের কাছাড় হিন্দু মিলন মন্দিরের ৫০ বছর পূর্তী উপলক্ষে আগামী ২৩ শে জানুয়ারী থেকে ১২ ই ফেব্রুয়ারী পর্যন্ত শোভাযাত্রা , বৈদিক শান্তিযজ্ঞ , ধর্মসভা ইত্যাদি বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।২৩ শে জানুয়ারী সকাল ৯ টায় বৈদিক পতাকা উত্তলন করে অনুষ্ঠানের শুভ সূচনা করা হবে । এরপর পর্যায়ক্রমে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন শিলচর ক্ষেত্র প্রচার শাখার উদ্যোগে এবং বরাক চা যুব কল্যান সমিতির সহযোগীতায় আজ শিলচরের চা বাগান ছাত্রাবাসে মিশন লাইফের উপর একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । বাবুল নারায়ন কানুর পৌরহিত্যে আয়োজিত সভায় মিশন লাইফের উপর ডক্টর নিরঞ্জন রায় , ডক্টর শুভজিৎ রায় চৌধুরী , ডক্টর শুভজিৎ চক্রবর্তী প্রমূখ বক্তব্য রাখেন । কর্মশালায় প্রায় ৬০ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহন করে ।

---------------------------------------------------------------------------------------